

## ২০০৯ সাল থেকে এসএসসির প্রশ্নপত্রে কাঠামোগত পরিবর্তন

১। ইত্তেফাক রিপোর্ট ৷

২০০৯ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষা থেকে প্রচলিত শিক্ষার্থীদের আওতায় নতুন পদ্ধতিতে, কাঠামোগত প্রশ্নের মাধ্যমে পরীক্ষা পদ্ধতিতে সংস্কারের সিদ্ধান্ত নিয়েছে সরকার। সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয় এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করে। শিক্ষাও অন্যান্য এসএসসি পরীক্ষায় ইংরেজী প্রথম পত্র, ইংরেজী ২য় পত্র, বাংলা ২য় পত্র, সহজ বাংলা, বাংলাভাষা ও বাংলাদেশের সংস্কৃতি, কর্মসূচী শিক্ষা, বেসিক ট্রেড, আরবি/সংস্কৃত/পালি, সঙ্গীত, শারীরিক শিক্ষা ও জিডি, বাংলা ভাষা ও সাহিত্য, ইংলিশ ম্যানুয়েল ওয়ান সিটিংরচার, চার্ক ও চার্ককলা ব্যতীত অন্যান্য বিষয়সমূহের জন্য প্রচলিত পরীক্ষা পদ্ধতিতে ৫০ শতাংশ নম্বরের বিষয়বস্তু সম্পর্কিত সর্বমুখ উত্তর প্রশ্ন, ব্যাখ্যা ও বচনামূলক প্রশ্নের পরিবর্তে ৬০ শতাংশ নম্বরের কাঠামোগত প্রশ্ন ব্যবহার করা হবে। এবং বহুনির্বাচনী প্রশ্নের জন্য বর্তমানে নির্ধারিত ৫০ শতাংশ নম্বরের পরিবর্তে ৪০

শতাংশ নম্বরের নির্ধারিত থাকবে।

পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীববিজ্ঞান, উচ্চতর গণিত, কৃষিশিক্ষা, গার্হস্থ্য অর্থনীতি এবং কম্পিউটার শিক্ষা বিষয়সমূহের ক্ষেত্রে ৪০ শতাংশ নম্বরের কাঠামোগত প্রশ্ন ব্যবহার করা হবে। তবে পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান, উচ্চতর গণিতে ৩৫ শতাংশ, কম্পিউটার শিক্ষা বিষয়ে ৩০ শতাংশ এবং কৃষি শিক্ষা ও গার্হস্থ্য অর্থনীতি বিষয়ে ২৫ শতাংশ নম্বরের বহুনির্বাচনী (এমসিটিও) প্রশ্নের জন্য নির্ধারিত থাকবে।

কাঠামোগত প্রশ্নের ৬০ শতাংশ নম্বরের বিষয়ের পরীক্ষায় ৯টি প্রশ্ন থাকবে এবং সেখান থেকে ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে। যে সকল বিষয়ে কাঠামোগত প্রশ্নের জন্য ৪০ শতাংশ নম্বরের নির্ধারিত সে সকল বিষয়ে পরীক্ষায় ৬টি প্রশ্ন থাকবে এবং সেখান থেকে ৪টি প্রশ্নের উত্তর দিতে হবে। ফলাফল তৈরির ক্ষেত্রে মেড ও জিপিএ নির্ধারণে বর্তমান নিয়মই বহাল থাকবে।